কালের কণ্ঠ

তারিখ ........ 27 APR 2017
পৃষ্ঠা ..৬.... কলাম ....৬......

# মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে প্রতীকী অনশন

## বাজেটে পৃথক বরাদ্দ চায় ইবতেদায়ি মাদরাসা

**নিজস্ব প্রতিবেদক ▷**

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও ইবতেদায়ি মাদরাসা জাতীয়করণে আগামী অর্থবছরের বাজেটে পৃথক বরাদ্দের দাবি জানিয়েছেন শিক্ষকরা। গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে দুটি শিক্ষক সংগঠনের পৃথক কর্মসূচিতে এই দাবি জানানো হয়।

মাধ্যমিক শিক্ষা জাতীয়করণসহ ৬ দফা দাবিতে গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতীকী অনশন কর্মসূচি পালন করেন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতাকর্মীরা। সব জেলা সদরেও সকাল ১১টা থেকে প্রতীকী অনশন পালন করা হয়। বাংলাদেশ শিক্ষক সমিতির দাবির মধ্যে রয়েছে শিক্ষাব্যবস্থা জাতীয়করণ, শিক্ষানীতি বাস্তবায়ন, ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি প্রদান, বৈশাখী ভাতা দেওয়া, চিকিৎসা ভাতা বাড়ানো, শিক্ষা খাতে জিডিপির ৬ শতাংশ বরাদ্দ, নন এমপিও শিক্ষকদের এমপিওভুক্তি এবং অবসর ও কল্যাণের টাকা ছয় মাসের মধ্যে প্রদান। অনশনে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিক, সাধারণ সম্পাদক মো. আবুল কাশেম, রঞ্জিত কুমার সাহা, অধ্যক্ষ মো. বজলুর রহমান মিয়া প্রমুখ। অনশনে সংহতি প্রকাশ করেন বিশ্ব শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক মাহফুজা খানম।

জাতীয় প্রেস ক্লাবের সামনে গতকাল পৃথক আরেকটি কর্মসূচি থেকে রেজিস্টার্ড সব ইবতেদায়ি মাদরাসা জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসা শিক্ষক সমিতি। সমিতির মহাসচিব কাজী মো. মোখলেসুর রহমান বলেন, 'আমাদের সঙ্গে থাকা বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় ২০১৩ সালেই জাতীয়করণ হয়ে গেছে। তাই আগামী অর্থবছরেই ইবতেদায়ি মাদরাসা জাতীয়করণে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে।'

এদিকে গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে বেসরকারি শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের তহবিলের জন্য আগামী বাজেটে কমপক্ষে তিন হাজার কোটি টাকা বরাদ্দের দাবি জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা। লিখিত বক্তব্যে সংগঠনের মহাসচিব ইয়াদ আলী খান বলেন, 'একজন বেসরকারি শিক্ষকের চাকরি থেকে অবসরের পর ছয় থেকে সাত বছর সময় লেগে যায় অবসর ভাতা পেতে। অবসরের পর যখন তাদের অর্থের দরকার হয় তখন অর্থ না পেয়ে নিদারুণ কষ্টে জীবনযাপন করেন তাঁরা। অনেকে অবসর ভাতা পেতে পেতে মৃত্যুবরণও করেন। তাই আগামী বাজেটে অবসর ও কল্যাণ ট্রাস্টের তহবিলে তিন হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হোক।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর